



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন  
www.bfdc.gov.bd  
বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার  
তেজগাঁও, ঢাকা-১২১৫



পত্র নং-৩৩.০৩.০০০০.১০১.১১.০০১.১৪. ২৯/৫

তারিখ: ২৯ ডিসেম্বর ২০২১ খ্রি:


## অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগের ১২-০৮-২০১৪ তারিখের ০৪.০০.০০০০.২১১.০৬.০১৯.১৪-৩২৯ সংখ্যক স্মারকের অনুমোদনক্রমে প্রশাসনে গতিশীলতা আনয়ন এবং সেবার মান উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণের অর্জিত ছুটি মঞ্জুরির ক্ষমতা নিম্নোক্তভাবে অর্পণ করা হলো:

ক্র:	বিষয়	ক্ষমতা অর্পণের স্তর			
		চেয়ারম্যান	পরিচালক/ যুগ্ম পরিচালক	মহাব্যবস্থাপক চট্টগ্রাম মৎস্য বন্দর	ব্যবস্থাপক (সকল কেন্দ্র)
১	বিএসআর এর বিধি-১৪৯ এবং নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯-এর বিধি-৭ অনুযায়ী ব্যক্তিগত/ পারিবারিক কারণে ও মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে অনধিক তিন মাস পর্যন্ত গড়বেতনে/ অর্ধ গড়বেতনে দেশের অভ্যন্তরে অর্জিত ছুটি মঞ্জুরি	ক) প্রধান কার্যালয়ের ৪র্থ গ্রেড হতে ৯ম গ্রেডভুক্ত সকল কর্মকর্তা খ) কেন্দ্র/ইউনিট পর্যায়ের মহাব্যবস্থাপক, ব্যবস্থাপক ও কেন্দ্র/ইউনিট প্রধান	প্রধান কার্যালয়ের ক্ষেত্রে ১০ম গ্রেড হতে ২০তম গ্রেডভুক্ত সকল কর্মকর্তা/কর্মচারি	নিজ কেন্দ্রের অধীনস্থ সকল কর্মকর্তা/কর্মচারি	নিজ কেন্দ্রের অধীনস্থ সকল কর্মকর্তা/কর্মচারি

### সারসংক্ষেপ:

- ছুটিকালীন বিকল্প কর্মকর্তা নিশ্চিত করে ছুটি মঞ্জুর করতে হবে;
- স্বাস্থ্যগত কারণে মেডিকেল সার্টিফিকেট প্রদর্শনের মাধ্যমে অর্জিত ছুটি নেয়া যাবে;
- প্রেষণে কর্মরত কর্মকর্তা/কর্মচারির সকল ছুটি (নৈমিত্তিক ছুটি ব্যতীত) নিয়োগকারী কর্তৃপক্ষ মঞ্জুর করবেন;
- অর্জিত ছুটি মঞ্জুরের অনুলিপি নিয়োগকারী কর্তৃপক্ষকে প্রদান করতে হবে;
- অর্জিত ছুটি মঞ্জুরে কোন অসুবিধা দেখা দিলে কর্পোরেশনের চেয়ারম্যান এর পরামর্শ অনুযায়ী নিষ্পত্তি করতে হবে
- অর্জিত ছুটি মঞ্জুরের ক্ষেত্রে সরকারি বিধি বিধান অনুসরণ করতে হবে।

  
(কাজী হাসান আহমেদ)  
চেয়ারম্যান

বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক (অর্থ/ক্রয় ও বিপণন), বামউক, ঢাকা।
- ২। বিভাগ/ইউনিট প্রধান (সকল) . . . . .
- ৩। প্রকল্প পরিচালক, কক্সবাজার জেলায় শূটকি প্রক্রিয়াকরণ স্থাপন প্রকল্প, বামউক, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক, সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলায় মৎস্য অবতরণ কেন্দ্র স্থাপন প্রকল্প, বামউক, ঢাকা।
- ৫। উপপরিচালক, বামউক, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন)।
- ৬। নোটিশ বোর্ড/ওয়েবসাইট/গার্ড নথি।